



মঠবাড়িয়া: হোতখালী গ্রামে মেলায় ১৫৬ প্রকার স্থানীয় জাতের বীজ বিনিময়ের জন্য প্রদর্শন করা হয়

ইত্তেফাক

## মঠবাড়িয়ায় স্থানীয় জাতের বীজ বিনিময় মেলা

### ■ মঠবাড়িয়া (পিরোজপুর) সংবাদদাতা

পিরোজপুরের মঠবাড়িয়া উপজেলার গুলিসাখালী ইউনিয়নের হোতখালী গ্রামে মঙ্গলবার স্থানীয় বীজ বিনিময় মেলা অনুষ্ঠিত হয়। হোতখালী কৃষি উন্নয়ন সংগঠন ও কৃষি গবেষণা প্রতিষ্ঠান বাংলাদেশ রিসোর্স সেন্টার ফর ইজেনাস নলেজ (বারসিক) যৌথভাবে এ বীজ মেলার আয়োজন করে। মেলায় স্থানীয় প্রজাতির ১৫৬ ধরনের বীজ প্রদর্শন করা হয় ও কৃষাণীরা একে অপরের সাথে বীজ বিনিময় করেন। ৪০টি স্টলে স্থানীয় প্রজাতির ধান, সবজি, ফল ও গুঁষি বীজ প্রদর্শন করা হয়। উপজেলা কৃষি কর্মকর্তা মো. শহীদুল্লাহ বান্দ্রবপাড়া রেজিস্ট্রার প্রাথমিক বিদ্যালয় মাঠে মঙ্গলবার এ বীজ মেলা উদ্বোধন করেন। স্থানীয় নারী ইউপি সদস্য হোসেন আরা হাসির সভাপতিত্বে বক্তব্য রাখেন উপ-সহকারী কৃষি কর্মকর্তা হরষিত চন্দ্র কীর্তনীয়া, হোতখালী কৃষি উন্নয়ন সংগঠক মো. আমীর হোসেন আকন, কৃষাণী ছবি রানী হালদার, মনিকা রানী কীর্তনীয়া, বারসিকের কর্মকর্তা মেহেদী হাসান, শিমুল বিশ্বাস, অনামিকা সিকদার প্রমুখ। বারসিকের কর্মকর্তা মেহেদী হাসান বলেন, কৃষক নিয়ন্ত্রিত কৃষি প্রাণবৈচিত্র্য সংরক্ষণ কর্মসূচির অংশ হিসেবে কৃষাণীদের উদ্যোগে এ বীজ মেলার আয়োজন করা হয়েছে। এতে স্থানীয় জাতের বীজ সম্পর্কে কৃষাণীরা একদিকে যেমন পরিচিত লাভ করছে পাশাপাশি তা সংরক্ষণে উদ্যোগী হবে। উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, স্থানীয় জাতের এ বীজ মেলা ও বিনিময় মেলা প্রশংসনীয় উদ্যোগ।